# দেশের পানি উন্নয়ন কৌশল বাইরের চাপিয়ে দেওয়া

## বিআইডিএসের সেমিনার

**বিশেষ প্রতিনিধি**, *ঢাকা*

পানি ও নদী নিয়ে আয়োজিত সেমিনারে বিশেষজ্ঞরা বলেছেন, গত ৭০ বছরে পানি উন্নয়নে বাংলাদেশে নেওয়া কৌশলগুলো ছিল বাইরে থেকে চাপিয়ে দেওয়া। এসব কৌশল বাংলাদেশের স্বার্থ রক্ষা করেনি। পাকিস্তান আমলে নেওয়া উদ্যোগগুলোয় রাজনৈতিক চাপ ছিল। দেশের নদীগুলো বহমান থাকলে দেশের মানুষ বাঁচবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) 'বাংলাদেশে পানি উন্নয়ন: অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক এই সেমিনারের আয়োজন করে।

জাতিসংঘের ডিপার্টমেন্ট অব ইকোনমিকস অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্সের উন্নয়ন গবেষণা বিভাগের প্রধান ও বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্কের (বেন) প্রতিষ্ঠাতা এস নজরুল ইসলাম অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপন করেন। সম্প্রতি 'ওয়াটার ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ, পাস্ট প্রেজেন্ট অ্যান্ড ফিউচার' নামে এস নজরুল ইসলামের বই প্রকাশিত হয়েছে। অনুষ্ঠানে মূলত বইটির বিষয়বস্তু নিয়ে আলোচনা হয়।

নজরুল ইসলাম বলেন, পাউবোর নেওয়া বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের ফলে বিভিন্ন এলাকায় ফসলের উৎপাদন বৃদ্ধির যে তথ্য দেওয়া হয়, তা বিভ্রান্তিমূলক। সেই হিসাবে বাঁধ দেওয়ার ফলে পরিবেশগত বা অন্যান্য যে ক্ষতি হয়েছে, তা তুলে ধরা হয় না।

নজরুল ইসলামের গবেষণাকাজকে অত্যন্ত মূল্যবান মন্তব্য করে অর্থনীতিবিদ রেহমান সোবহান বলেন, বিষয়গুলো নিয়ে এক-দুই দিন ধরে দীর্ঘ আলোচনা হওয়া দরকার। অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে তিনি বলেন, পাকিস্তান আমলে অর্থনৈতিক বৈষম্যের সময় বাংলাদেশে পানি উন্নয়ন কর্মসূচি হাতে নেওয়ার পেছনে রাজনৈতিক চাপ ছিল।

পানি উন্নয়ন বোর্ডের হাতে নেওয়া মেঘনা-ধনাগদা প্রকল্পের কারণে সংশ্লিষ্ট এলাকায় প্রভূত উন্নতি হয়েছে বলে মন্তব্য করেন অনুষ্ঠানের বিশেষ অতিথি পরিকল্পনা প্রতিমন্ত্রী শামসুল আলম। নজরুল ইসলাম ডেলটা প্ল্যানের যে সমালোচনা করেছিলেন, প্রতিমন্ত্রী তাঁর কড়া সমালোচনা করেন।

অনুষ্ঠানের সঞ্চালক ও বিআইডিএসের মহাপরিচালক বিনায়ক সেন বলেন, নদী হচ্ছে মানুষের মতো, মানুষ নদীর মতো। বাংলাদেশের নদী বাঁচলে মানুষ বাঁচবে।